গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০১০.১৮-২২৪

তারিখঃ ১০ ভাদ্র ১৪২৭ ব. / ২৫ আগস্ট ২০২০ খ্রি.

বিষয়ঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ঢাকাস্থ আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয়ের ভোকেশনাল শাখায় কর্মরত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি ২০০৯-২০১০ অর্থ বছর হতে বকেয়া প্রদান সংক্রান্ত।

সূত্র:
(১) শিক্ষা মন্ত্রনালয়ের স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ , তারিখ: ০৬/০৫/২০১০ খ্রি.
(২) শিক্ষা মন্ত্রনালয়ের স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯ , তারিখ: ৩১/০৫/২০১০ খ্রি.
(৩) শিক্ষা মন্ত্রনালয়ের স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২২৯ , তারিখ: ১৬/০৬/২০১০ খ্রি.
(৪) ডিটিইর স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.১১.১৭.৭০-৯২৫, তারিখ: ২৭/০৮/২০১৮ খ্রি.
(৫) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.মতামত-৩.১৮-৪০৪, তারিখ: ২৯/১০/২০১৮ খ্রি.
(৬) ডিটিইর স্মারক নং-৫৭.০৩.০০০০.০৯১.২০.০০১.১১.১৩-২৯২, তারিখ: ২৪/০৩/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রসমুহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকাস্থ আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয় এর এসএসসি (ভোকেশনাল) শাখা এমপিওভুক্তির জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক (০১/০১/২০১০ তারিখ হতে কার্যকারিতা দিয়ে) প্রস্তুতকৃত ০৬/৫/২০১০ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকে প্রকাশিত তালিকার ২৯ নং ক্রমিকে ছিল।

২। পরবর্তীতে একই মন্ত্রণালয়ের ৩১/৫/২০১০ তারিখে সূত্রোক্ত (২) এবং ১৬/৬/২০১০ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে এমপিও তালিকা হতে বর্ণিত প্রতিষ্ঠানটির নাম বাতিল করা হয়। ফলে উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির সাধারণ সম্পাদক জনাব মোহাম্মদ হাবিবুর গং (৩ জন) কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৬৮৩৭/২০১৪ দায়ের করা হয়।

৩। রিট পিটিশন নং-৬৮৩৭/২০১৪ মামলায় মাননীয় উচ্চ আদালত কর্তৃক ০৫/০৩/২০১৭ তারিখ প্রদত্ত রায়/নির্দেশনা নিম্নরূপ-

"The respondetns concerned are hereby directed to include the name of the said petitioner's Institution in the list of MPO for the financial year 2009-2010 in accordance with law within a period of 90 (ninety) days from date of receipt of the copy of the judgment and order.

৪। রিট পিটিশন নং-৬৮৩৭/২০১৪ মামলার ০৫/০৩/২০১৭ তারিখে প্রদত্ত রায়/নির্দেশনার বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-২৪২৩/২০১৭ মামলা দায়ের করা হলে মাননীয় আপিল আদালত কর্তৃক বিগত ২৩/৭/২০১৮ খ্রি: তারিখে নিম্নরূপ রায় প্রদান করা হয়-

"The leave petition is out of time by 46 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory.

Accordingly, the civil petition for leave to appeal is dismissed as barred by limitation.

ফলে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট মামলার রায় বহাল রয়ে যায়।

৫। উল্লিখিত রায়ের পরবর্তীতে আলোচ্য প্রতিষ্ঠান কর্তৃক ডিটিই বরাবর দাখিল আবেদন এর বিষয়ে ডিটিই হতে প্রেরিত ২৭/০৮/২০১৮ তারিখে সূত্রোক্ত (৪) নং পত্রমূলের প্রস্তাবের প্রেক্ষিতে টিএমইডি'র সদয় সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-১৩ হতে জারিকৃত ০৬/৫/২০১০ তারিখের সূত্রোক্ত (১) নং স্মারকটি পুনর্জীবিত (Revive) ক্রমে উক্ত স্মারকে বর্ণিত শর্তাবলীর আলোকে (ঢাকাস্থ আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয় এর এসএসসি (ভোকেশনাল) শাখা এমপিওভুক্তির জন্য টিএমইডি হতে ২৯/১০/২০১৮ তারিখে সূত্রোক্ত (৫) নং স্মারকমূলে ডিজি, ডিটিই-কে অনুরোধ করা হয়।

৬। তৎপ্রেক্ষিতে ডিটিই কর্তৃক এপ্রিল/২০১৯ মাস হতে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা (এমপিও) প্রদান করা হয় এবং প্রতিষ্ঠানটির এমপিওভুক্তির সরকারি আদেশে কর্মরত শিক্ষক-কর্মচারীদের ২০০৯-২০১০ অর্থ বছর হতে বেতন-ভাতাদি (এমপিও) প্রদানের বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা নেই মর্মে সূত্রোক্ত (৬) নং পত্রমূলে উল্লেখ করা হয়েছে, যা সঠিক নয়।

৭। সূত্রোক্ত (৬) নং পত্রে আরো উল্লেখ করা হয়েছে যে, বর্ণিত প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক তাঁর প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীদের এমপিও আবেদনের সময় কোন বকেয়া বেতন-ভাতা প্রাপ্তির দাবী করেননি। তবে শিক্ষক-কর্মচারীদের এপ্রিল/২০১৯ মাসে এমপিও মাসে প্রাপ্তির পর প্রধান শিক্ষক কর্তৃক গত ২৪/০৭/২০১৯ তারিখে ২০০৯-২০১০ অর্থ বছর হতে মার্চ/২০১৯ পর্যন্ত বকেয়া বেতন ভাতা প্রাপ্তির জন্য ডিটিই বরাবর আবেদন করা হয়। বকেয়া প্রদানের বিষয়টি মহামান্য হাইকোর্টের আদেশ দ্বারা নির্ধারিত বিধায় দাবী না করা দ্বারা তা তামাদি হয়ে যায়নি।

৮। অধিকন্তু বর্ণিত প্রতিষ্ঠানের এসএসসি ভোকেশনাল শাখার ০৬ (ছয়) জন শিক্ষক-কর্মচারীর ২০০৯-২০১০ অর্থ বছর হতে মার্চ/১৯ পর্যন্ত বকেয়া বেতন-ভাতা প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় ৬৯,৪৫,৬৩০/-(উনসত্তর লক্ষ পয়ঁতাল্লিশ হাজার ছয়শত ত্রিশ) টাকা প্রয়োজন। যা বর্তমান ২০১৯-২০২০ অর্থ বছরে বরাদ্দে অন্তর্ভুক্ত নেই মর্মে উল্লেখ করা হয়েছে **অর্থ বছরের শুরুতেই**। বরাদ্দের জন্য অনুরোধ জানানোর বিষয়টি বোধগম্য নয়। বাজেট বরাদ্দের ঘাটতি দেখা দিলে Revised বাজেটের সময় অতিরিক্ত অর্থ বরাদ্দের সুযোগ থাকা স্বত্তেও এরুপ প্রস্তাবনার কারণ জানা প্রয়োজন।

৯। উল্লেখ্য- রিট পিটিশন নং-৬৮৩৭/২০১৪ মামলায় মাননীয় উচ্চ আদালত কর্তৃক ০৫/০৩/২০১৭ তারিখ প্রদত্ত রায়/আদেশমূলে সূত্রোক্ত (২) ও (৩) নং স্মারকের কার্যক্রম বে-আইনী ঘোষণা করায় তার পূর্বে আলোচ্য প্রতিষ্ঠানটি (০১/০১/২০১০ তারিখ হতে কার্যকারিতা দিয়ে) এমপিও তালিকাভূক্ত করে জারীকৃত ০৬/৫/২০১০ তারিখের সূত্রোক্ত (১) নং স্মারকটি (পুনর্জীবিত (Revive) হয়েছে বিধায় ০১/০১/২০১০ খ্রি: তারিখ হতে এমপিওভুক্তি হওয়া প্রয়োজন।

চলমান পাতা নং-০২

১০। তাছাড়া রিট পিটিশন নং-৬৮৩৭/২০১৪ মামলার ০৫/০৩/২০১৭ তারিখের রায়/আদেশ (যা ...directed to include the name of the said petitioner's Institution in the list of MPO for the financial year 2009-2010 in ... মর্মে নির্দেশিত হয়েছে) এর বিরুদ্ধে সরকার পক্ষে দায়েরকৃত সিপিএলএ নং-২৪২৩/২০১৭ মামলাটি মাননীয় আপিল আদালত কর্তৃক ২৩/৭/২০১৮ খ্রি: তারিখের আদেশে খারিজ হওয়ায় রিট মামলার রায়/আদেশ বাস্তবায়ন ব্যতীত সরকার পক্ষে আইনগত অন্যকোন সুবিধা না পাওয়ার বিষয়টিও স্পষ্ট।

১১। উল্লিখিত বিষয়াদি পর্যালোচনা করে রিট পিটিশন এবং আপীল মামলার রায়/আদেশ এর আলোকে শিক্ষা মন্ত্রনালয়ের শাখা-১৩ হতে (০১/০১/২০১০ তারিখ হতে কার্যকারিতা দিয়ে) জারিকৃত ০৬/৫/২০১০ তারিখের সূত্রোক্ত (১) নং স্মারকটি পুনর্জীবিত (Revive) ক্রমে উক্ত স্মারকে বর্ণিত শর্তাবলীর আলোকে ঢাকাস্থ আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয় এর এসএসসি (ভোকেশনাল) শাখা এমপিওভুক্তির জন্য টিএমইডি হতে ২৯/১০/২০১৮ তারিখে সূত্রোক্ত (৫) নং স্মারকমূলে পত্র প্রেরণ করা হয়। তথাপি সরকারি আদেশে শিক্ষক-কর্মচারীদের ২০০৯-২০১০ অর্থ বছর হতে বেতন-ভাতাদি (এমপিও) প্রদানের বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা নেই মর্মে সূত্রোক্ত (৬) নং পত্রে উল্লেখ করা হয়েছে, যা টিএমইডি'র পত্রের নির্দেশনা অগ্রাহ্যের সামিল মর্মে প্রতীয়মান।

১২। বর্ণিত প্রেক্ষাপটে নিম্মোক্ত বিষয়গুলো স্পষ্ট করা প্রয়োজন -

(ক) শিক্ষা মন্ত্রণালয়ের শাখা-১৩ হতে জারিকৃত ০৬/৫/২০১০ তারিখের সূত্রোক্ত (১) নং স্মারকটি পুনর্জীবিত (Revive) ক্রমে উক্ত স্মারকে বর্ণিত শর্তাবলীর আলোকে ঢাকাস্থ আগারগাঁও আদর্শ উচ্চ বিদ্যালয় এর এসএসসি (ভোকেশনাল) শাখা এমপিওভুক্তির জন্য টিএমইড হতে সূত্রোক্ত (৫) নং স্মারকমূলে পত্র প্রেরণ করা হয়। তথাপি সরকারি আদেশে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ২০০৯-২০১০ অর্থ বছর হতে বেতন-ভাতাদি (এমপিও) প্রদানের বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা নেই মর্মে বলার কারণ কি?

(খ) বাজেট বরাদ্দের ঘাটতি দেখা দিলে Revised বাজেটের সময় অতিরিক্ত অর্থ চাহিদা দেয়ার সুযোগ আছে/ছিল। এর পরও অর্থ বছরের শুরুতেই অতিরিক্ত অর্থ বরাদ্দের জন্য অনুরোধ জানানোর কারণ কি?

(গ) টিএমইডি হতে এমপিওভুক্তির নির্দেশনা জারীর পর উক্ত নির্দেশনা বাস্তবায়নে ০৬ (ছয়) মাস দেরী (ডিটিই হতে ১১/০৪/২০১৯ খ্রি: তারিখে ৫৭.০৩.০০০০.০২৮.১৮.০১১.১৮-৩৪৬ সংখ্যক স্মারকে এমপিও'র অফিস আদেশ জারী করা হয়েছে এবং যা বাস্তবায়িত হয়েছে এপ্রিল/১৯ মাসে) হওয়ার কারণ কি? উক্ত দেরীর পেছনে কোন অসৎ উদ্দেশ্য ছিল কিনা তা স্পষ্ট হওয়া প্রয়োজন।

(ঘ) বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের এপ্রিল/২০১৯ মাসে এমপিওভুক্ত করার পর এবং বকেয়ার বিষয়টি জানার পরেও ২০১৯-২০২০ অর্থবছরে বকেয়ার জন্য বাজেট না চেয়ে তার পরবর্তী অর্থবছরের (২০২০-২০২১) শুরুতে অতিরিক্ত চাহিদা দেয়ার কারণ কি?

১৩। এমতাবস্থায়, উল্লিখিত মতে চাহিত তথ্যাদি আগামী ১০/০৯/২০২০ খ্রি. তারিখের মধ্যে (প্রমাণকসহ) জানানোর জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা) 26/08/20
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়; ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।